দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 30 AUG 2016 ...
পৃষ্ঠা ১৭ ... কলাম ... ৫ ......

# ফরিদগঞ্জে ৫৩ প্রাইমারি স্কুলে প্রধান শিক্ষক নেই

## সহকারী শিক্ষকের ১১৬ পদ শূন্য

■ মো. মহিউদ্দিন, ফরিদগঞ্জ (চাঁদপুর) সংবাদদাতা

ফরিদগঞ্জে ১৮৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ৫৩টিতে দীর্ঘদিন ধরে প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে। এ ছাড়া ১১৬টি সহকারী শিক্ষকের পদও রয়েছে শূন্য। ফলে সংশ্লিষ্ট স্কুলগুলোতে প্রশাসনিক ও একাডেমিক কার্যক্রম স্থবির হয়ে পড়েছে।

অভিভাবক ও স্কুল পরিচালনা কমিটির সদস্যরা জানান, আমাদের কোমলমতি শিশু শিক্ষার্থীরা শিক্ষকের অভাবে পাঠ গ্রহণ থেকে বঞ্চিত হচ্ছে।

উপজেলা শিক্ষাকর্মকর্তা মো. ফরিদউদ্দিন আহম্মদ জানান, উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে শূন্যপদের তালিকা প্রেরণ করা হয়েছে। তবে বিভিন্ন মামলাজনিত কারণে নিয়োগ বন্ধ রয়েছে। এ ছাড়া ১৮ মাস ধরে ৩২ জন শিক্ষক ছাড়াও বেশ কিছু বিষয়-ভিত্তিক শিক্ষক প্রশিক্ষণে থাকায় পাঠদানের সংকট সৃষ্টি হয়েছে।